

# যুগান্ত

## ঢাবির অনুষদ সভা: জিএস রাবীনীর ভর্তিতে অনিয়মের তদন্ত চান শিক্ষকরা

প্রকাশ : ১৮ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্ষরণ

 ঢাবি প্রতিনিধি



ঢাকা বিশ্ববিদ্যালয়ের  
সামাজিক বিজ্ঞান  
অনুষদের জ্যেষ্ঠ  
শিক্ষকরা মনে করেন,  
নিয়ম লজ্জন করে  
গোলাম রাবীনীকে  
এমফিলে ভর্তি করা  
হয়েছে, যিনি পরে  
কেন্দ্রীয় ছাত্র সংসদের  
(ডাকসু) সাধারণ  
সম্পাদক নির্বাচিত হন।  
এ অনিয়মের তদন্ত চান  
এসব শিক্ষক। বুধবার  
অনুষদ সভায়  
(ফ্যাকাল্টি মিটিং) এ  
মত ব্যক্ত করেন তারা।  
বিশ্ববিদ্যালয়ের  
ভিসিকে বিষয়টি  
জানানোর সিদ্ধান্ত হয়  
ওই সভায়।

সামাজিক বিজ্ঞান

অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম বৃহস্পতিবার যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, সভায় অনুষদের অধিকাংশ বিভাগের চেয়ারম্যান ও অধ্যাপক উপস্থিতি ছিলেন। সেখানে বিবিধ আলোচনার সময় শিক্ষকরা এ বিষয়ে কথা বলেন। তারা বলেছেন, রাবীনী যে প্রক্রিয়ায় ভর্তি হয়েছেন তা নিয়মবহির্ভূত। তারা পুরো ঘটনার তদন্ত চান। সভার আলোচনার বিষয়টি বিশ্ববিদ্যালয়ের ভিসির কাছে যাবে।

বিশ্ববিদ্যালয় সুত্র জানায়, দুর্নীতি-অনিয়মের দায়ে ছাত্রলীগের সাধারণ সম্পাদক পদ থেকে অপসারিত গোলাম রাবীনী অপরাধবিজ্ঞান বিভাগের এমফিলের ছাত্র হিসেবে ডাকসু নির্বাচনে অংশ নিয়েছিলেন। রাবীনী ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগে ২০০৭-০৮ শিক্ষাবর্ষে ভর্তি হয়েছিলেন। ২০১৩ সালে তার ঘৃণাতকোভর শেষ হয়। এরপর এমফিলে ভর্তি হয়ে তিনি ১১ মার্চ অনুষ্ঠিত ডাকসু নির্বাচনে অংশ নেয়ার যোগ্যতা অর্জন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী, কোনো শিক্ষার্থী এমফিল প্রোগ্রামে ভর্তি হতে চাইলে সংশ্লিষ্ট বিভাগে আবেদনের পর বিভাগের একাডেমিক কমিটি, অনুষদ সভা, বোর্ড অব অ্যাডভান্স স্টাডিজের সভার সুপারিশের পর একাডেমিক পরিষদের সভায় চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হয়। গোলাম রাবীনীকে এমফিলে ভর্তির ক্ষেত্রে অনুষদ সভার সুপারিশ ছিল না। এমনকি বোর্ড অব অ্যাডভান্স স্টাডিজ ও একাডেমিক পরিষদের নিয়মিত যে এজেন্ডা- সেখানেও তার নাম নেই। ফলে ভর্তির এ প্রক্রিয়াকে নিয়মবিহীন বলে মত দেন প্রশাসনের গুরুত্বপূর্ণ পদে থাকা শিক্ষকসহ জ্যৈষ্ঠ শিক্ষকদের অনেকেই। এ বিষয়ে জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান যুগান্তরকে বলেন, ‘যে ভর্তির কথাটি আসছে সেটির ফ্যাকাল্টি হয়নি (অনুষদ সভায় যায়নি)। তবে বোর্ড অব অ্যাডভান্স স্টাডিজের বৈঠকে ‘টেবিল এজেন্ডায়’ ছিল। আর টেবিল এজেন্ডার উদাহরণ নতুন নয়। তবে সব হলে ভালো হতো। আর সব হওয়াটাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের সৌন্দর্য।’ রাবীনীর ভর্তির ঘটনা তদন্ত হবে কিনা- জানতে চাইলে ভিসি কিছু বলেননি।

**ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।